

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 12-11-2024

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Governor Visit :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকার ত্রিপুরায় মন্দির কেন্দ্রিক পর্যটন শিল্পের উন্নয়নে সদর্থক ভূমিকা নিয়েছে। গোটা দেশে পর্যটন ক্ষেত্রে বৃহৎ ও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে মন্দিরের। গতকাল কসবেশ্বরী কালী মন্দিরে পূজা দেবার পর রাজ্যপাল একথা বলেন।

এরআগে রাজ্যপাল পুরাতন আগরতলায় চতুর্দশ দেবতা মন্দিরে পূজা দেন। সেখানে তিনি বলেন, চতুর্দশ দেবতার মন্দির রাজ্যের বিভিন্ন পর্যটন ক্ষেত্রের মধ্যে অন্যতম। সরকার এই কারনেই মন্দিরের উন্নয়নের পরিকল্পনা নিয়েছে।

Resignation of advocate general :

বরিষ্ঠ আইনজীবী সিদ্ধার্থ শংকর দে গতকাল রাজ্যের অ্যাডভোকেট জেনারেলের পদ থেকে পদত্যাগ করেছেন। তিনি গতকাল সকালে রাজ্যের আইন সচিবের কাছে পদত্যাগ পত্র জমা দেন। বিকালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু তাঁর পদত্যাগপত্র গ্রহণ করেছেন। এদিকে, প্রবীণ আইনজীবী শক্তিময় চক্রবর্তী রাজ্যের নতুন এডভোকেট জেনারেল হয়েছেন।

PM:

মরিসাসের প্রধানমন্ত্রী হিসেবে ডঃ নভীন রামগুলাম বিপুল ভোট নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিনন্দন জানিয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে শ্রী মোদী জানান, তিনি ডঃ রামগুলামের সাথে কথা বলেছেন এবং তার ভবিষ্যত সাফল্যও কামনা করেছেন। এর সাথে ডঃ রামগুলামকে তিনি ভারতে আসার জন্যও আমন্ত্রণ জানিয়েছেন।

TTAADC Bus Service :

এডিসি'র এমডিসি প্রদ্যোৎ কিশোর দেববর্মা গতকাল খুমলুঙ্গ-এ সিএনজি বাস পরিষেবার উদ্বোধন করেন। তিনি বলেন, এই বাস সার্ভিস চালু হওয়ায় এডিসি এলাকার জনগণের বিভিন্ন স্থানে যাতায়াত সুগম হবে। শ্রী দেববর্মা বলেন আপাতত তিনটি শীতাতপ নিয়ন্ত্রিত বাস চালু করা হয়েছে। আগামীদিনে রাজ্য সরকারের সহযোগিতা পেলে আরও বাস পরিষেবা চালু করা হবে। তিনি বলেন এই বাসগুলি এডিসি থেকে শহরে এবং নিজস্ব এডিসি এলাকার মধ্যে যাতায়াত করবে।

Raas Utsav :

ধলাই জেলার কমলপুর মহকুমার অন্তর্গত বড়লুতমায় গতকাল থেকে পাঁচ দিনব্যাপী ১২৮তম ঐতিহ্যবাহী মহারাস লীলা ও উৎসব শুরু হয়েছে। উৎসবের সূচনা করেন প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস। গতকাল সন্ধ্যায় মেলা প্রাঙ্গণে প্রচুর লোকসমাগম হয়। পুলিশের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই মহারাস লীলা ও উৎসবকে কেন্দ্র করে প্রতিদিন সন্ধ্যায় অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

CPI (M) Srinagar LC Conference:

সাব্রুমের আমলিঘাটে গতকাল সিপিআইএম দলের শ্রীনগর অঞ্চল সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের শুরুতে দলীয় পতাকা উত্তোলন করেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি দলের সংগঠনকে শক্তিশালী করার আহ্বান জানান। সম্মেলন থেকে গঠিত নতুন অঞ্চল কমিটির সম্পাদক হিসাবে পুনরায় নির্বাচিত হন রনজিত ভৌমিক।

Arrest:

গোপন খবরের ভিত্তিতে গতকাল আগরতলা রেল স্টেশন থেকে ৩ জন মহিলা বাংলাদেশী নাগরিককে আটক করা হয়েছে। তারা অবৈধ উপায়ে বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করে এবং ট্রেনে করে বহি:রাজ্যে পাড়ি দেওয়ার উদ্দেশ্যে আগরতলা রেল স্টেশনে আসে। আগরতলা রেল পুলিশ, বি এস এফ এবং আগরতলা আর পি এফ মিলে এই অভিযান চালায়। মহিলা অফিসার তাদের দফায় দফায় জিজ্ঞাসাবাদ করছেন। আজ দৃতদের আদালতে প্রেরণ করা হবে।

TAGA programme at Debdaru:

অগাস্ট মাসের বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাইবাড়ি খালকের উত্তর জেলাইবাড়ি, দক্ষিণ জেলাইবাড়ি, মধ্যপিলাক, দেবদারু, পূর্ব পিলাক ও উত্তর হিচাছড়ার ১০০ জন কৃষককে নানা ধরনের বীজ ও নগদ ৫০০ টাকা করে সহায়তা দিল ত্রিপুরা কৃষি স্বাতক সমিতি। গতকাল দেবদারু কমিউনিটি হলে আয়োজিত এই অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুল্কাচরন নোয়াতিয়া, ত্রিপুরা কৃষি স্বাতক সমিতির সভাপতি জীবন দেববর্মা, প্রাক্তন সভাপতি রাজীব ঘোষ, সমিতির দক্ষিণ জেলার সভাপতি সুমিত কুমার সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

State Level oya Festival:

দক্ষিণ জেলার সাব্রহ্মের চালিতা বনকুল স্কুলে মগ জনগোষ্ঠীর ঐতিহ্যবাহী ওয়া উৎসব গতকাল শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে বৌদ্ধ ভিক্ষু ভেন ক্ষেমাছাড়া মগ সোসিও কালচারাল অর্গানাইজেশনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উৎসব মধ্যে মগ জনগোষ্ঠীর ঐতিহ্যবাহী ওয়া নৃত্য ও অনান্য নৃত্যানুষ্ঠান এবং বিভিন্ন খেলাধুলা অনুষ্ঠিত হয়।

Naidu Trophy :

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা ৮ উইকেটে স্বাগতিক চণ্ডিগড়ের কাছে পরাজিত হয়েছে। চণ্ডিগড়ের মহাজন ক্রিকেট মাঠে ৫ উইকেটে ১৬৯ রান থেকে খেলতে নেমে গতকালচতুর্থ তথা শেষ দিনে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২২১ রান করে। জয়ের জন্য ২১৫ রানের লক্ষ্য নেমে চণ্ডিগড় ২ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসের ২১৬ রানের জবাবে চণ্ডিগড় প্রথম ইনিংসে ২২৩ রান করেছিল।

Weather:

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রীর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ ডিগ্রী সেলসিয়াস।
